# ECHO OF HIS CALL

# আহ্বানের প্রতিধ্বনি

BENGALI

ECHO OF HIS CALL 1969-2019 GOLDEN JUBILEE

REACHING NATIONS

India's National Spiritual Newspaper

₹ 10/-

Published monthly in ENGLISH, TAMIL, MALAYALAM, TELUGU, HINDI, KANNADA, MARATHI, BENGALI, GUJARATI, ODIYA, ASSAMESE, PUNJABI, NEPALI, URDU, SINHALA & AFRIKAN

Editor : S. SAM SELVA RAJ | 16 Languages | Associate Editor: Rev. Dr. ANJAN KUMAR SINGH

Vol. XXVI | YEAR OF OUR LORD JESUS CHRIST, 2024 APRIL | No. 2


## পবিত্র বাইবেল

অনুগ্রহ করে এই অংশটি মুখস্থ করুন

প্রভুর প্রশংসা হোক

গীতসংহিতা ৩৪:১-১০

১। আমি সর্বদা সদাপ্রভুর ধন্যবাদ করব; তাঁর প্রশংসা সর্বদা আমার মুখে থাকবে।

২। আমি সদাপ্রভুতে গর্ব করব; যারা পীড়িত তারা শুনুক ও আনন্দ করুক।

৩। আমার সঙ্গে সদাপ্রভুর মহিমাকীর্তন করো; এসো, আমরা সকলে তাঁর নামের জয়গান করি।

৪। আমি সদাপ্রভুর অন্বেষণ করেছি আর তিনি আমাকে উত্তর দিয়েছেন; আমার সকল আশঙ্কা থেকে তিনি আমাকে মুক্ত করেছেন।

৫। যারা তাঁর দিকে দৃষ্টিপাত করে, তারা দীপ্তিমান হয়; তাদের মুখ কখনও লজ্জায় আবৃত হবে না।

৬। এই দুঃখী ডাকল, আর সদাপ্রভু শুনলেন; তিনি তাকে সমস্ত বিপদ থেকে রক্ষা করলেন।

৭। কারণ সদাপ্রভুর দূত এক পাহারাদার; তিনি ঘিরে রাখেন এবং তাদের সবাইকে রক্ষা করেন যারা সদাপ্রভুকে সম্ভ্রম করে।

৮। আস্বাদন করো ও দেখো সদাপ্রভু মঙ্গলময়; ধন্য সেই ব্যক্তি যে তাতে আশ্রয় নেয়।

৯। হে তাঁর পবিত্র মানুষগণ, সদাপ্রভুকে সম্ভ্রম করো, কারণ যারা তাঁকে সম্ভ্রম করে তাদের কোনও কিছুর অভাব হবে না।

১০। সিংহও দুর্বল ও ক্ষুধার্ত হয়, কিন্তু যারা সদাপ্রভুর অন্বেষণ করে, তাদের কোনো মঙ্গলের অভাব হবে না।



## আপনাকে উদ্ধার করার জন্য একজন ত্রাণকর্তা আছেন


সিস্টার যেসি বীণা স্যাম

আমাদের ত্রাণকর্তা, প্রভু যীশু, এই দিনগুলোতে আমাদের পরিচালিত করছেন। বাইবেলের সময়গুলিতে, এই একই সদাপ্রভু ঈশ্বর তাঁর লোকদের ক্রন্দন শুনতেন, তাদের বিনতিগুলো শুনেছিলেন, তাদের সমস্ত বিপদ থেকে রক্ষা করেছিলেন, এবং তাদের পরিত্রাণ দিয়েছিলেন। এখন আসুন বাইবেলে উল্লিখিত ব্যক্তিদের মাধ্যমে কীভাবে তিনি কয়েক জন লোককে উদ্ধার করেছিলেন সেই বিষয়টি আবিষ্কার করা যাক।

### ১) মোশি

প্রথমে পরীক্ষা করে দেখা যাক কীভাবে মোশি ইস্রায়েলের লোকদের এবং কী ধরণের পরিস্থিতি থেকে উদ্ধার করেছিলেন। যাত্রাপুস্তকের দ্বিতীয় অধ্যায় আমাদের মোশির জন্ম সম্পর্কে বলে। যোষেফের কারণে, ইস্রায়েলের লোকেরা প্রথম দিকে মিশরে স্বাধীনতা উপভোগ করেছিল। যাইহোক, পরে তারা একই দেশে দাসে পরিণত হয়েছিল, নিষ্ঠুর ব্যবহারের এবং মহাদুঃখের অধীনে বশীভূত হয়েছিল। তারা তাদের ভুল বুঝতে পেরেছিল এবং সদাপ্রভুর কাছে ক্রন্দন করেছিল।

ক্রমশ: ৩য়পৃষ্ঠায়

তাঁর আহ্বানের প্রতিধ্বনি

**ইউ টিউব খ্রীষ্টিয়ান চ্যানেল!**

আপনি পাস্টর এস. স্যাম সেলভা রাজের সঙ্গে প্রার্থনা করার সুযোগ পাবেন।

**Message & Prayer in 5 minutes!!**

ইংরেজি, হিন্দি, তামিল ও তেলুগু

Every day – From 2.00 A.M.

৫ মিনিটের বাণী!!

তামিল এবং তেলেগু - ভোর ৫টা

তামিল ভাষায় রবিবারের উপাসনা - সকাল ৮.৩০

# আহ্বানের প্রতিধ্বনি – (১৯৬৯-২০১৯ সুবর্ণ জয়ন্তী বর্ষ)



REACHING NATIONS

## *from your dearly beloved brother...*



### আমাদের মিশনের নীতি

সমকালীন প্রজন্মের কাছে প্রাচীন এবং আদি প্রেরিতদের শিক্ষাগুলিকে লঘু না করে ব্যাখ্যা করা এবং শিক্ষা দেওয়াই হচ্ছে আমাদের লক্ষ্য।

**HON. EDITOR-IN-CHIEF**

Rev. Angeline S. Kumari, M.A., M.Sc., M.Ed.

**HON. MANAGING EDITOR**

Pastor Alex Samson Sam, B.Th., M.Div.

**GENERAL MANAGER**

Bro. N. Prakasam, M.A., M.Sc.(C&P), PGDHRM, MBA.

**ADMINISTRATION**

Sis. Jesy Veena Sam
Adv. K. Puratchivendan, M.Com., C.A., B.L.
Dr. P.E.R. Premchand, M.Sc., M.A., M.Ed., Ph.D.
Dr. C.G.S. Baburao, B.Tech., M.Tech. (DM), Ph.D.
Dr. Rabinder Boaz, M.S. (CMC)

**EDITORIAL BOARD**

Dr. Serena Bevin, M.A., M.Phil., B.Ed.
Sis. Sajini Cherian
Sis. L. Mariya Anjalin, M.A., M.Sc., B.Ed.
Rev. Dr. K.R. Rajasekaran

**EDITOR, PUBLISHER & PRINTER**

Pastor S. SAM SELVA RAJ
Echo of His Call Printers
10, Mohammed Abdullah 2nd Street,
Chepauk, Chennai- 600 005, India.
Phone : (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766
Cell : (+91) 98410 71852, 98412 71858
95661 31858

**E.MAIL**

sam@echoofhiscall.org
biblecor@yahoo.co.in

**WEBSITES**

www.echoofhiscall.org
www.stpaulsmatriculation.com

**YOUTUBE CHANNEL**

Echo of His Call



"কারণ সদাপ্রভু তোমার পাশে দাঁড়াবেন ও তোমার পা-কে ফাঁদে পড়া থেকে তিনিই রক্ষা করবেন।

-- হিতোপদেশ ৩:২৬

যীশু খ্রীষ্টে প্রিয় ভাই এবং বোনেরা,

আমাদের প্রভু যীশু খ্রীষ্টের গৌরবময় নামে আমরা আপনাদের উষ্ণ শুভেচ্ছা জানাই।

আমরা ১৬টি ভাষায় প্রকাশিত তাঁর আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকা প্রকাশনা, ৪টি ভাষায় সম্প্রচারিত তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেল, তিনটি ভাষায় ডাকযোগে প্রাথমিক বাইবেল পাঠক্রম-বাইবেলকোর, ২টি ভাষায় ডাকযোগে ঈশতাত্ত্বিক পাঠক্রম, তিনটি বিভিন্ন স্থানে নহিমিয় বাইবেল কলেজ, সেণ্টপলস ম্যাট্রিকুলেশন স্কুল (গ্রামীন ইংরাজী মাধ্যম স্কুল), প্রধান মণ্ডলী, এবং শাখামণ্ডলীগুলি সহ আমাদের বহুমুখী পরিচর্যাগুলির থেকে সাড়া লাভ করে রোমাঞ্চিত হয়েছি। আমরা পৃথিবীতে সুসমাচার প্রসারিত করার কাজে সক্রিয়ভাবে নিযুক্ত আছি। আমরা আন্তরিকভাবে আপনাদের সমর্থন এবং দয়ার প্রশংসা করি, এবং আমরা আগ্রহের সঙ্গে আপনাদের সাড়াদানের বিষয় অপেক্ষা করছি।




*Annual Day of St. Paul's Matriculation School*

আমাদের সেণ্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের বার্ষিক দিবস পালনের সাফল্যের বিষয় আপনাদের জানাতে পেরে আনন্দিত, যা ২০২৪ সালের ২রা মার্চ অনুষ্ঠিত হয়েছিল। অনুষ্ঠানটি চলাকালীন শিক্ষার্থীরা তাদের প্রতিভা প্রদর্শন করেছিল, এবং এই অনুষ্ঠানে অসংখ্য বাবা মা, শিশুরা এবং পার্শবর্তী এলাকার লোকেরা এই অনুষ্ঠানে যোগদান করেছিল। এটি একটি সমাবেশ এবং উদ্ধার সভার সমরূপ ছিল, এবং আমরা আপনাদের অবিরত প্রার্থনার জন্য কৃতজ্ঞ।

২০২৪ সালের ৩রা মার্চ আমরা সেণ্টপলস ম্যাট্রিকুলেশন স্কুলের ক্যাম্পাসে একটি বিশেষ শিশু এবং যুব র‍্যালির আয়োজন করেছিলাম। প্রায় ১০০ জন সদস্য কর্মসূচীটিতে যোগদান করেছিল, যার মধ্যে বিশেষ গান, সাক্ষ্য, এবং প্রভুর বাণী প্রচার অন্তর্ভুক্ত ছিল।

প্রতি রবিবার মণ্ডলী উপাসনার পর আমরা নিয়মিত অল্প বয়েসী শিশুদের সঙ্গে মিলিত হই। এই



*Children and Youth Rall*

**Our Ministries:** ECHO OF HIS CALL Monthly Magazines (16 languages) BIBLECOR - Postal Courses (3 languages) YouTube Ministry Online Courses Theological Correspondence Courses (2 languages) Church Planting Nehemiah Bible Colleges Gospel Printing Press Great Commission Partners St. Paul's Matriculation School Crusades Community Development



***Prayer for students appearing Public Examination***

শিশুরা ঈশ্বরের পথে বড় হচ্ছে। আমাদের সেন্টপলস ম্যাট্রিকুলেশনস্কুল এবং হিন্দি ও তামিল ভাষায় পরিচালিত নহিমিয় বাইবেল কলেজগুলির জন্য আমাদের আরও অধিক শিক্ষার্থী, উত্তম শিক্ষক শিক্ষিকা, এবং পরিচালনাকারীদের প্রয়োজন। অধিকন্তু, আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটির জন্য আরও অধিক পাঠক পাঠিকার প্রয়োজন। অনুগ্রহ করে আপনাদের বন্ধুবান্ধব এবং আত্মীয়দের ঠিকানা আমাদের পাঠান, যাতে আমরা তাদের ভাষায় তাদের কাছে বিনামুল্যে আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পাঠাতে পারি। উর্দু ভাষায় প্রকাশিত তাঁর আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটির জন্যেও আমাদের আরও পাঠকদের প্রয়োজন। ছোট অথবা বড়, যে কোনও ভাবে আপনার সহযোগিতা, মহানভাবে



***Nehemiah Bible College Board Meeting***

প্রশংসিত হবে, এবং আপনি ঈশ্বর কর্তৃক পুরস্কৃত হবেন।

আমরা সারা পৃথিবীর সমস্ত দেশগুলির শান্তি এবং সমৃদ্ধির জন্য অবিরত প্রার্থনা করছি। বিশেষ করে, আমরা ভারতের আত্মিক সমৃদ্ধির জন্য প্রার্থনা করি। আমরা আপনার উপর, আপনার পরিবার, এবং আপনার দেশের উপর ঈশ্বরের আশীর্বাদের জন্য যাজ্ঞা করি।

আমাদের নহিমিয় বাইবেল কলেজের কর্মীরা রেভা. এম. মুথু, চেয়ারম্যান এবং আমাদের সঙ্গে নতুন যোগদানকারী সিনিয়ার প্রিন্সিপাল রেভা. জে. জন রাজারত্নমের নেতৃত্বাধীনে একসাথে মিলিত হন এবং উন্নয়ন এবং দৈনিক কার্যকলাপের বিষয়গুলি নিয়ে আলোচনা করেন।

আমরা প্রভুতে আপনাদের ইমেল, পত্র, ফোন কল, ইত্যাদি বিষয়গুলি লাভ করার কামনা সর্বদা আমাদের হৃদয়ে পোষণ করি, যা আমাদের আত্মিক যুদ্ধে আমাদের সামনে অগ্রসর হতে শক্তি দান করে। আমাদের অফিস কর্মীদের, গীর্জার সদস্যদের, সহযোগী সম্পাদকদের, পালকদের, সুসমাচার প্রসারকদের, শিশুদের রবিবাসরীয় বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য, গ্রামীন উচ্চবিদ্যালয়, এবং বাইবেল কলেজগুলির জন্য, প্রিন্টিংপ্রেস কর্মীদের জন্য, অফিসের কর্মীদের জন্য, এবং এর সঙ্গে পরিবারের সদস্যদের জন্য আপনাদের বিশেষ প্রার্থনা আমাদের একান্ত কাম্য। বেশ কয়েক জন কর্মী শারীরিকভাবে সুস্থ নেই, অনুগ্রহ করে আপনাদের প্রার্থনায় তাদের স্মরণ করুন।

ঈশ্বর আপনাদের প্রচুর আশীর্বাদ করুন।

খ্রীষ্ট যীশুতে আপনাদের দাস
পাস্টর অ্যালেকস স্যামসন স্যাম
পাস্টর এস.স্যাম সেলভারাজ

(+91) 98412 71858 / 98410 71858,
E.mail : sam@echoofhiscall.org

## তাঁর আহ্বনের প্রতিধ্বনি পত্রিকার পাঠকগণ: অনুগ্রহ করে মনোযোগ দিন

আমাদের তাঁর আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব চ্যানেলে প্রতিদিন ভোর ২টোর সময় তামিল, তেলুগু, ইংরাজী এবং হিন্দি ভাষায় ৫ মিনিটের বাণী প্রচারিত হচ্ছে। এই বাণীগুলি দেখার দ্বারা আপনি ঈশ্বরের অনুগ্রহ লাভ করতে পারেন।

আমার ফোন নম্বরগুলো আপনার মোবাইলে সেভ করে নিন (+91) 98412 71858 / 98410 71858 (ব্যক্তিগত)।

*(ক্রমশঃ, ১ম পাতার পর)*

সদাপ্রভু আগেই অব্রাহামকে বলেছিলেন যে ইস্রায়েলের লোকেরা মিশরে ৪০০ বছর দাসত্ব করবে (আদি ১৫:১৩)। আদি ১৫:১৬ পদে, এটি ভবিষ্যবাণী করা হয়েছিল, "কিন্তু চতুর্থ প্রজন্মে, তারা এখানে ফিরে আসবে।" সদাপ্রভু, যিনি তাঁর প্রতিজ্ঞার প্রতি বিশ্বস্ত, তিনি ইস্রায়েলীয়দের ক্রন্দন শুনেছিলেন।

তাদের যন্ত্রণা সহ্য করতে না পেরে, তারা বিনতি করেছিল, " হে সদাপ্রভু! আমাদের প্রতি করুণা করো এবং আমাদের ফরৌণের মন্দ হাত থেকে রক্ষা করো। আমাদের পূর্বপুরুষদের কাছে তোমার প্রতিজ্ঞা অনুসারে কবে আমরা সেই দুগ্ধ, মধু প্রবাহিত কনান দেশের অধিকার লাভ করবো?" কখন আমরা স্বাধীনভাবে আমাদের সদাপ্রভুর আরাধনা করবো এবং তাঁর উদ্দেশে বলিদান করবো?"

যে সদাপ্রভু, তাঁর লোকদের পরীক্ষা করেন, কিন্তু কখনও তিনি তাদের সামর্থ্যের বাইরে পরীক্ষা করেন না, তিনি তাদের আর্তনাদ শুনেছিলেন।তাদের বিপথগামীতা সত্ত্বেও, যখনই ইস্রায়েলীয়রা মন পরিবর্তন করেছিল এবং দয়ার জন্য সদাপ্রভুর কাছে ক্রন্দন করেছিল, তাঁর প্রেমময় হৃদয় সেই আর্তনাদ শুনেছিলেন এবং তাঁর করুণা দেখিয়েছিলেন।

ফরৌণের পরাক্রমী হাত থেকে ইস্রায়েলীয়দের উদ্ধার করার জন্য সদাপ্রভু মোশিকে মনোনীত করেছিলেন। মোশি, তাঁর মাতৃগর্ভে থাকা অবস্থা থেকে একজন উদ্ধারকর্তা হিসাবে পরিকল্পিত হয়েছিলেন (গীত ১৩৯:১৬), তিনি অলৌকিকভাবে সুরক্ষিত হয়েছিলেন যখন মিশরে দুই বছরের কম বয়েসী সমস্ত পুরুষ শিশুদের হত্যা করার আদেশ দেওয়া হয়েছিল। যতক্ষণ না তাঁর তিন মাস বয়েস হয়েছিল ততক্ষণ তাঁর মা তাঁকে লুকিয়ে রেখেছিলেন, এর পর তাঁকে আর লুকিয়ে রাখা সম্ভব ছিল না। তিনি তাঁকে একটি নলখাগরা দিয়ে তৈরী পেটরার মধ্যে রেখেছিল এবং ধীরে ধীরে সেটি নীল নদীতে ভাসিয়ে দিয়েছিলেন, যে নদীটি কুমীরে পূর্ণ ছিল।

তিনি ফরৌণের রাজপ্রাসাদে রাজকুমারের মতো বড় হয়েছিলেন, তারপর দূর্ঘটনাবশতঃ একজন মিস্রিয়কে হত্যা করার পর তিনি মরুভূমিতে পালিয়ে গিয়েছিলেন এবং তাঁর ইব্রীয় পরিচিতি আবিষ্কার করেছিলেন। ৪০ বছরের তাঁর মেষপালকের জীবনকালে ঈশ্বর তাঁকে তাঁর কাছে টেনেছিলেন, তাঁকে একটি দর্শন দিয়েছিলেন।

মোশি একটি জ্বলন্ত ঝোপের সাক্ষী হয়েছিলেন যার সংস্পর্শে শুকনো পাতাগুলো দগ্ধ হচ্ছিল না। তিনি অবাক হয়েছিলেন কীভাবে এটা ঘটতে পারে। তিনি যখন সামনে অগ্রসর হয়েছিলেন, ঈশ্বর তাঁকে ডেকেছিলেন, বলেছিলেন, "মোশি, মোশি, আমি ইস্রায়েলীয়দের ক্রন্দন শুনেছি। তোমাকে অবশ্যই ফরৌণের কাছে যেতে হবে, তার সঙ্গে কথা বলতে হবে, যাতে সে ইস্রায়েলীয়দের ছেড়ে দেয় এবং তাদেরকে কনান দেশে পরিচালিত করে নিয়ে আসতে হবে, যে দেশের বিষয় আমি অব্রাহাম এবং ইসহাকের কাছে প্রতিজ্ঞা করেছিলাম। আমি তোমার উপর এই কাজের ভার অর্পণ করলাম।"

প্রাথমিকভাবে দ্বিধাবোধ করে, মোশি প্রশ্ন তুলেছিলেন, তাঁর অবিশ্বাস প্রকাশ করেছিলেন, তাঁর বক্তৃতা দানের এবং তোতলামির দুর্বলতার বিষয় বলেছিলেন। তাঁকে সংরক্ষিত করা সত্ত্বেও, ঈশ্বর তাঁকে আশ্বস্ত করে বলেছিলেন, "ফরৌণের কাছে যাও, আমি তোমার সহবর্তী আছি। তোমার সঙ্গে তোমার ভাই হারোণকে নাও এবং কথা বলো।"

কয়েক সময় ঈশ্বর আমাদের কোনও নির্দিষ্ট কিছু করতে বললে আমরা মোশির মতো, বিভিন্ন অজুহাত দেখাই অথবা আমাদের স্বার্থপর অভিপ্রায়ের জন্য কোন নির্দিষ্ট কাজ করতে বাধা দিই।

যাইহোক, শেষ পর্যন্ত মোশি, ইস্রায়েলীয়দের বন্ধনমুক্ত করার জন্য উদ্ধারকারী হিসাবে মনোনীত হওয়ার বিষয় ঈশ্বরের বাধ্য হয়েছিলেন, ঈশ্বর মোশির সঙ্গে বন্ধুর মতো সামনাসামনি কথা বলেছিলেন (যাত্রা ৩৩: ১১)। প্রভুর দ্বারা বিভিন্ন অলৌকিক এবং আশ্চর্য কাজ সম্পাদন করার পর মনোনীত মোশি লোহিত সাগরের মধ্যে দিয়ে লোকদের মিশরের বাইরে নিয়ে এসেছিলেন। আমরা যাত্রাপুস্তকের প্রথম থেকে ১৪ অধ্যায়ের মধ্যে এই বিষয় পাঠ করি। যাইহোক, সদাপ্রভু ঈশ্বর তাঁর প্রজাদের ছেড়ে দিতে বাধ্য করার পর ফরৌণকে তাদের পশ্চাতে ধাবিত হতে দিয়েছিলেন। ৪৩০ বছর (চারটি প্রজন্ম) মিশরে থাকার পর, ইস্রায়েলীয়রা লোহিত সাগরের সামনে এসেছিল, যখন ফরৌণ এবং তার সৈন্যবাহিনী তাদের পশ্চাতে ধাবিত হয়েছিল, এবং অপর দিকে ছিল পাহাড়। বিহ্বল হয়ে তারা ক্রন্দন করেছিল।

মোশির, স্বর্গীয় পরিচালনা যাজ্ঞার ফলে লোহিত সাগরের জল দুভাগে ভাগ করার বিষয় তিনি ঈশ্বরের কাছ থেকে নির্দেশ পেয়েছিলেন। মোশি যেই তাঁর লাঠিটি বিস্তার করেছিলেন, জল দুই পাশে দেওয়ালের মতো দাঁড়িয়ে গিয়েছিল, ইস্রায়েলীয়দের হেঁটে যাওয়ার জন্য সেখানে শুষ্ক পথ তৈরী হয়েছিল। তাদের পশ্চাতে ধাবিত সৈন্যরা সমুদ্রের জলে ডুবে মারা গিয়েছিল এবং এই ঘটনার মধ্যে দিয়ে ঈশ্বরের পরাক্রম এবং গৌরব প্রদর্শিত হয়েছিল। এই ভাবে মোশি, একজন ত্রাণকর্তা হিসাবে কাজ করেছিলেন, সমুদ্রের জল দুইভাগে ভাগ করে তিনি ঈশ্বরের লোকদের উদ্ধার করেছিলেন।

### ২। অৎনীয়েল

বিচারকর্তৃগণ ৩:১-১১ পদে আমরা দেখতে পাই, এতো আশ্চর্য কাজগুলোর সাক্ষী হওয়া সত্ত্বেও, ইস্রায়েলীয়রা বারবার পাপ করছিল, কনানের

(ক্রমশঃ, ৬ পাতায়)


# NEHEMIAH BIBLE

**RESIDENTIAL / EVENING COLLEGE,**

**Velachery / Chepauk & Santhoshapuram, Chennai.**

Medium : Hindi / Tamil

*Registered Candidate for Membership*

Asia Theological Association (ATA)

**Recognised by International Christian Leaders & Senior Pastors for the past 54 years**

Qualification : 10th Standard & above

**Certificate in Ministry**

**Diploma in Theology**

**Rush for admission!**

**Contact : The Chairman, Nehemiah Bible College.**

**10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK, CHENNAI - 600 005, INDIA.**
**Phone : (+91-44) 2852 8282, Cell : (+91) 98410 71852 / 95661 31858**

E.mail : sam@echoofhiscall.org / Website : www.echoofhiscall.org

★ ONLINE CLASSES ARE AVAILABLE ★

GREAT COMMISSION PARTNERS
ECHO OF HIS CALL MINISTRIES SINCE 1969

# মহান আদেশ অংশীদারগণ

**ভারবহন করা (গালা ৬:২), সাহায্য করা (রোমীয় ১২:১৩), এবং উদ্দীপিত হওয়ার জন্য (২ তীমথিয় ১:৬)**

**প্রার্থনার অনুরোধসমূহ** (১৯শে এপ্রিল থেকে ১৮ই মে,২০২৪)

**(অনুগ্রহ করে এই পৃষ্ঠাটা বের করে নিয়ে আপনার বাইবেলের মধ্যে রাখুন এবং প্রতিদিন প্রার্থনা করুন)**

## প্রশংসার বিষয়সমূহ

**এপ্রিল ১৯** : বহুভাষী লোকদের কাছে পৌঁছানোর জন্য প্রভু আমাদের **আহ্বানের প্রতিধ্বনি ইউ টিউব চ্যানেলকে** আশীর্ব্বাদ করেছেন।

**দিন ২০:** আমাদের **সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুল, নহিমিয় বাইবেল কলেজ এবং ডাকযোগে ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রমের** জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২১:** আমাদের তাঁর আহ্বানের প্রতিধবনি পরিচর্যার সমস্ত কর্মীবৃন্দ এবং তাদের পরিবারগুলিকে সুরক্ষা করার জন্য।

**দিন ২২:** আমাদের প্রার্থনার অংশীদার, বিশ্বাসের অংশীদার, আজীবন অংশীদার এবং মহান আদেশ অংশীদার এবং তাদের পরিবারের সদস্যদের তাঁর অসীম করুণার জন্য ঈশ্বরের প্রশংসা হোক।

**দিন ২৩:** ২রা মার্চ, ২০২৪ সালে, আমাদের সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের বর্ষপূর্তি উদযাপন অনুষ্ঠানটিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৪:** ৩ রা মার্চ আমাদের পরীক্ষার উদ্দেশে অনুষ্ঠিত প্রার্থনা সভা এবং যুব দলের কার্যকলাপগুলিকে আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৫:** আমাদের মণ্ডলীর কার্যকলাপে ইয়ুথদের অংশগ্রহণে উৎসাহিত করার উদ্দেশে ইয়ুথদের আশীর্ব্বাদ করার জন্য।

**দিন ২৬:** সেন্টপলস্ ম্যাট্রিকুলেশন স্কুলের শিক্ষার্থীদের দশম শ্রেণীর সরকারী পাবলিক পরীক্ষা সম্পূর্ণ করতে সাহায্য করার জন্য।

**দিন ২৭:** আমরা আমাদের সমস্ত চার্চগুলির জন্য, সাণ্ডেস্কুল, ইয়ূথ এবং স্কুল পরিচর্যাগুলির জন্য আশীর্ব্বাদ যাচ্ঞা করি।

**দিন ২৮:** আমরা আমাদের নহিমিয় বাইবেল কলেজের এশিয়ান থিওলজিকাল এসোশিয়েশন কর্তৃক স্বীকৃতি দানের উদ্দেশে পরিদর্শনকারী মূল্যায়ন দলের জন্য আশীর্ব্বাদ যাচ্ঞা করি।

**দিন ২৯:** আমাদের **বরিষ্ঠ পাস্টর এস. স্যাম সেলভা রাজ** এবং তাঁর পরিবারের সমস্ত সদস্যদের সমস্ত রকমের মন্দশক্তি থেকে রক্ষা করার জন্য।

**দিন ৩০:** ঈশ্বর আমাদের ১৬টি ভাষায় প্রকাশিত সুসমাচার সাহিত্যকে আশীর্ব্বাদ করেছেন যা আমাদের প্রিন্টিং প্রেস থেকে মুদ্রিত হয় এবং মিশনক্ষেত্রগুলিতেপাঠিয়ে দেওয়া হয়।

**মে ০১:** ২০২৩-২০২৪ আর্থিক বর্ষে আশীর্ব্বাদের জন্য।

**দিন ০২:** আমাদের সহযোগী সম্পাদক, কোঅর্ডিনেটর এবং তাদের পরিবারের সদস্যদের জন্য।

**দিন ০৩:** মিশন কর্মীদের মহান প্রতিশ্রুতিবদ্ধতার জন্য।

## প্রার্থনার অনুরোধসমূহ

**দিন ৪:** চরমভাবাপন্ন আবহাওয়ার থেকে পৃথিবীকে ঈশ্বরের স্বর্গীয় সুরক্ষা দান করার জন্য।

**দিন ৫:** সেই সমস্ত মায়েদের জন্য যারা নিঃস্বার্থভাবে তাদের সন্তানদের লালন পালন করছেন তাদের সকলের জন্য।

**দিন ৬:** ঈশ্বর যেন ইস্রায়েল, প্যালেস্টাইন, ইউক্রেন এবং রাশিয়াতে শান্তি পুনরুদ্ধার করেন।

**দিন ৭:** আমাদের বরিষ্ঠ পালক যেন সাফল্যের সঙ্গে তাঁর আত্মজীবনী রচনাটি সম্পূর্ণ করতে পারেন।

**দিন ৮:** এই নতুন আর্থিক বছরে ঈশ্বরের স্বর্গীয় পরিচালনার জন্য।

**দিন ৯:** পাস্টর জনির শোকগ্রস্ত পরিবারের স্বর্গীয় সান্ত্বনার জন্য।

**দিন ১০:** আমাদের গসপেল প্রিন্টিং প্রেস এবং এর নিয়মিত কার্যগুলির জন্য।

**দিন ১১:** ঈশ্বর যেন এ.টি.এ-র স্বীকৃতি দানের কার্যকলাপকে আশীর্ব্বাদ করেন।

**দিন ১২:** আমাদের সংস্থার সমস্ত কর্মীদের মধ্যে ঐক্য এবং সংহতির জন্য।

**দিন ১৩:** ১লা জুন ২০২৪, তারিখে নহিমিয় বাইবেল কলেজের অনুষ্ঠানটির সাফল্যের জন্য।

**দিন ১৪:** ২০২৪-২৫ শিক্ষাবর্ষে **আবাসিক এবং সান্ধ্য নহিমিয় বাইবেল কলেজের** যোগ্য শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন ১৫:** ২০২৪-২৫ শিক্ষাবর্ষে সেন্ট পলস্ ম্যাট্রিকুলেশন স্কুলে শিক্ষার্থীদের ভর্তির জন্য প্রার্থনা করুন।

**দিন১৬:** সারা পৃথিবী ব্যাপী দীর্ঘ সময় ধরে হাসপাতালে থাকা অসুস্থ এবং মুমুর্ষ ব্যক্তিদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৭:** যে সমস্ত দেশ এবং নেতারা তোমাকে ভয় করে এবং সম্মান করে সেই সমস্ত দেশ এবং নেতাদের আশীর্ব্বাদের জন্য প্রার্থনা করুন।

**দিন ১৮:** বিভিন্ন খ্রীষ্টিয় পরিচর্যা এবং মিশনারীদের বিরুদ্ধে সমস্ত নৃশংস কার্যকলাপের অবসানের জন্য প্রার্থনা করুন।

*(ক্রমশঃ, ৪র্থ পাতার পর)*

দেবদেবীদের সেবা করছিল। ঈশ্বরের ক্রোধ তাদেরকে মেসোপটেমিয়ার রাজা কূশন-রিশিয়াথয়িমের অধীনস্থ করেছিলেন, তারা আট বছর দাস হিসাবে কষ্ট এবং দুঃখভোগ করেছিল।

যারা পাপ করেছিল সদাপ্রভু তাদের পরিত্যাগ করেননি; যিশাইয় ৫৪:৭ পদে "ক্ষণিক মুহূর্তের জন্য আমি তোমাকে পরিত্যাগ করেছিলাম, কিন্তু গভীর মমতায় আমি তোমাকে ফিরিয়ে আনব" প্রতিজ্ঞা অনুসারে ঈশ্বরের লোকেরা যখন উদ্ধারের জন্য ক্রন্দন করেছিল, তখন সদাপ্রভু একজন উদ্ধারকর্তা দিয়েছিলেন। ইস্রায়েল সন্তানরা যখন সদাপ্রভুর কাছে ক্রন্দন করেছিলে, তিনি কালেবের ভাই, কনসের পুত্র, অৎনীয়েলকে উদ্ধারকর্তা হিসাবে তুলেছিলেন। সদাপ্রভুর আত্মা তাঁর উপর এসেছিল, এবং তিনি ইস্রায়েলের বিচার করেছিলেন। তিনি যুদ্ধে গিয়েছিলেন, এবং সদাপ্রভু মেসোপটেমিয়ার রাজা, কূশন-রিশিয়াথয়িমকে তাঁর হাতে সমর্পণ করেছিলেন (বিচারকর্তৃগণ ৩:৯,১০)।" এর ফলস্বরূপ, দেশটি ৪০ বছর শান্তির অভিজ্ঞতা লাভ করেছিল, এই বিষয়টি দেখায় কীভাবে সদাপ্রভু সেই সময় ইস্রায়েলীয়দের জন্য অৎনীয়েলকে নিযুক্ত করেছিলেন।

## ৩। গিদিয়োন

এখন আমরা গিদিয়োনের বিষয় মনোনিবেশ করবো, ইস্রায়েল সন্তনরা মন্দ কাজ করছিল, সেই কারণে সদাপ্রভু ঈশ্বর তাদের সাত বছরের জন্য মিদিয়নীয়দের হাতে তুলে দিয়েছিলেন (বিচারকর্তৃগণ ৬:১)। মিদিয়নীয়, অমালেকীয় এবং প্রাচ্যদেশীয় অন্যান্য জাতির লোকেরা পঙ্গপালের মতো ঝাঁকে ঝাঁকে এসে তাদের ফসল, জীবিত প্রাণীদের নষ্ট করে দিত। তাদের নিষ্ঠুরতায় হতাশাগ্রস্ত হয়ে তারা পর্বত-গহ্বরে, গুহায় ও দুর্গম স্থানে আশ্রয়স্থল তৈরী করেছিল (বিচারকর্তৃগণ ৬:২, ৪ এবং ৫)। তাদের এই হতাশার মধ্যে তারা সদাপ্রভুর কাছে কেঁদে উঠেছিল, যিনি তাদের ডাকে সাড়া দিয়ে একজন ভাববাদীকে পাঠিয়েছিলেন। সেই ভাববাদী তাদেরকে মিশরের দমনপীড়ন থেকে তাদের উদ্ধারের কথা স্মরণ করিয়ে দিয়েছিলেন, তিনি তাদেরকে ইমোরীয়দের দেবতাদের ভয় না করার আবেদন জানিয়েছিলেন (বিচারকর্তৃগণ ৬:৮-১০)।

এমনকী যখন তাঁর লোকেরা বিপথগামী হয়েছিল তখনও সদাপ্রভু তাদের ক্রন্দন শুনেছিলেন এবং তাদেরকে উদ্ধার করার জন্য একজন ব্যক্তিকে মনোনীত করেছিলেন।

এছাড়াও আমরা ঈশ্বরের রব শুনতে ব্যর্থ হই। যাইহোক, যখন আমাদের উপর ক্লেশ আসে, আমরা তাঁর কাছে ক্রন্দন করি, এবং তাঁর করুণায়, তিনি আমাদের সমস্ত ক্লেশ থেকে উদ্ধার করেন।

ইস্রায়েলীয়দের রক্ষা করার জন্য, ঈশ্বর একজন দূতকে পাঠিয়েছিলেন যিনি অবীয়েষ্রীয় যোয়াশের অধিকারভুক্ত অফ্রায় একটি ওক গাছের তলায় আবির্ভূত হয়েছিলেন। যোয়াশের ছেলে গিদিয়োন তখন সেখানে মিদিয়নীয়দের দৃষ্টির আড়ালে সরিয়ে রাখার জন্য এক আঙ্গুর মাড়াই-কলে দাঁড়িয়ে গম মাড়াই করছিলেন। সদাপ্রভুর দূত গিদিয়োনকে শুভেচ্ছা জানিয়ে বলেছিলেন, "হে বলবান যোদ্ধা, সদাপ্রভু তোমার সহবর্তী।" তার উত্তরে, গিদিয়োন প্রশ্ন করেছিলেন যে সদাপ্রভু যদি আমাদের সহবর্তী হন, তবে আমাদের প্রতি কেন এসব কিছু ঘটল? এই বলে গিদিয়োন তাদের পূর্বপুরুষদের জন্য কৃত ঈশ্বরের অলৌকিক কাজগুলির প্রতি সন্দেহ প্রকাশ করেছিলেন।

মোশির মতো প্রথমে অনিচ্ছুক হলেও এবং অজুহাত দেখালেও সদাপ্রভু গিদিয়োনকে আশ্বাস দিয়েছিলেন যে তাঁর এই মিশনে তিনি ইস্রায়েলীয়দের মিদিয়নীয়দের হাত থেকে উদ্ধার করবেন — "আমি তোমার সহবর্তী হব এবং, তুমি মিদিয়নীয়দের সবাইকে আঘাত করবে, একজনকেও জীবিত রাখবে না" (বিচারকর্তৃগণ ৬:১৫-১৬)।

গিদিয়োন তখনও বিশ্বাস করতে পারছিলেন না এবং তিনি সদাপ্রভুর কাছ থেকে চিহ্ন দেখতে চেয়েছিলেন। বেশ কয়েকটি চিহ্ন দেখার পর, গিদিয়োন এবং তাঁর লোকেরা মিদিয়নীয়দের সঙ্গে যুদ্ধে অবতীর্ণ হয়েছিলেন।

সদাপ্রভু গিদিয়োনকে সতর্ক করেছিলেন যে তিনি যদি অনেক সৈন্যবাহিনী নিয়ে বিজয়ী হন, তাহলে ইস্রায়েলীয়রা নিজেদের গৌরব দাবি করবে। সদাপ্রভুর পরিচালনা অনুসরণ করে, গিদিয়োন তাঁর লোকদের পরীক্ষা করেছিলেন এবং কেবল ৩০০ জনকে মনোনীত করেছিলেন, এবং অন্যদের সকলকে তাদের তাঁবুতে ফেরত পাঠিয়েছিলেন (বিচার ৭:৮)।

উপত্যকায় মিদিয়নীয়দের শিবিরটি লুকানো ছিল, এবং ঐ রাতে, সদাপ্রভু গিদিয়োনকে নিচে নেমে যেতে বললেন, তাঁকে বিজয়ের নিশ্চয়তা দিলেন। "মিদিয়নীয়, অমালেকীয় ও প্রাচ্যদেশীয় অন্যান্য সব জাতি পঙ্গপালের ঘন ঝাঁকের মতো উপত্যকা জুড়ে শিবির স্থাপন করে বসেছিল। তাদের উটগুলোও সমুদ্রতীরের বালুকণার মতো অসংখ্য ছিল"- (বিচারকর্তৃগণ ৭:১২)। তখনও আতঙ্কিত গিদিয়োনকে বলা হয়েছিল, গোপনে শত্রুদের কথাবার্তা শুনতে, যা তাদের কাছে যবের একটি রুটির স্বপ্নের বিষয় প্রকাশ করেছিল যার ফলে মিদিয়নীয় শিবির আকস্মিকভাবে বিপর্যস্ত হয়েছিল (বিচার ৭:১০-১৩)।

তাঁর লোকদের তিনটি ভাগে বিভক্ত করে, গিদিয়োন একটি করে তূরী, একটি শূন্য কলস এবং একটি করে মশাল তাদের হাতে দিয়েছিলেন। তারা কলস ভগ্ন করে এবং উচ্চরবে তূরীধ্বনিত করে, চীৎকার করেছিল, "সদাপ্রভুর তরবারি এবং গিদিয়োনের তরবারি!" (বিচারকর্তৃগণ ৭:২০)।

প্রথামাফিক অস্ত্রশস্ত্রের অভাব থাকা সত্ত্বেও, প্রশংসা পূর্ণ চীৎকারে আশ্চর্যভাবে বিজয়ী হয়েছিল যখন শত্রুরা ভয়ে পলায়ন করেছিল, এবং সদাপ্রভু তাদের পরস্পরের বিরুদ্ধে লড়াই করার বিষয়ে প্ররোচিত করেছিলেন (বিচার ৭:২২)। এই বিজয়, সদাপ্রভুর কাছে থেকে একটি উপহার গিদিয়োনকে ইস্রায়েলের উদ্ধারকর্তা হিসাবে প্রতিষ্ঠিত করেছিল, যার ফলে ৪০ বছর তারা শান্তিতে জীবনযাপন করেছিল।)..

আমাদের সমস্ত ক্লেশের মধ্যে, ঈশ্বরের প্রশংসা রূপান্তরণের শক্তি ধরে রাখে,সমস্ত দুঃখকে আনন্দে পরিণত করে।

উদ্ধারকর্তা হিসাবে গিদিয়োনের ভূমিকাটি একটি দৃষ্টান্ত স্থাপন করে যে ঈশ্বর তাঁর প্রজাদের ক্রন্দনে সাড়া দেন। মহাক্লেশের সময়, আমাদের প্রার্থনাগুলি ঈশ্বরকে আমাদের সুরক্ষিত করার এবং উদ্ধার করার উদ্দেশ্যে একজন উদ্ধারকর্তাকে প্রেরণ করার জন্য প্রণোদিত করে।

যখন দুঃখের সঙ্গে চোখের জল থাকে, তখন যিশাইয় ৪১:১০ পদের মতো পদগুলি সান্ত্বনা দেয় - "তাই ভয় কোরো না, কারণ আমি তোমার সঙ্গে আছি" এবং যিশাইয় ৪৩:৪ পদ "তুমি যেহেতু আমার দৃষ্টিতে বহুমূল্য ও মর্যাদার পাত্র" কথাগুলি আমাদের সান্ত্বনা এবং অনুপ্রেরণা দেয়।

কয়েক সময়, আমরা যখন একা যাত্রা করি, তখন আমাদের মধ্যে অস্বস্তি দানা বাঁধতে পারে, কিন্তু আমরা যখন দুশ্চিন্তা করি, তখন আমাদের সাহায্য করার জন্য ঈশ্বর আমাদের সহযাত্রীদের একজনের সঙ্গে কথা বলেন; সেই মুহূর্তে, ঐ ব্যক্তি

*(ক্রমশঃ, ৯ পাতায়)*

**NEHEMIAH BIBLE COLLEGE**

**Graduation Service, 2023-2024**

**Venue :** BKN Hall, Vepery, Chennai – 07.
**Date :** 1st June, 2024 (Saturday)
**Time :** 5.00 P.M.

About 50 students will complete their studies and will be sent to the mission field.

We need 75 students for the Tamil and Hindi courses for the academic year 2024-2025. Please pray for this request.

## PLEASE PRAY FOR OUR MINISTRIES AT THE HEAD QUARTERS

1. Prayer Service : 24 hours
2. **BIBLECOR -** Bible Correspondence Courses : English, Tamil & Hindi
3. **ECHO OF HIS CALL** - Monthly Magazines : English, Tamil, Malayalam, Telugu, Hindi, Kannada, Marathi, Gujarati, Bengali, Odiya, Nepali, Assamese, Punjabi, Urdu, Sinhala & Afrikan.
4. Nehemiah Bible Colleges (Three Centres) (Evening / Residential)
5. Theological Correspondence Courses: English & Tamil
6. Great Commission Partners (Network of Pastors)
7. Training Programmes
8. Crusades
9. Literature Distribution and Follow Up
10. Gospel Printing Press - Publications
11. St. Paul's Matriculation School - Village English High School
12. Sunday Schools : 10.30 a.m. & 4.00 p.m. Sunday
13. **Tamil Service : 8.00 a.m. Sunday**
14. **Hindi Service : 4.00 p.m. Sunday**
15. **Telugu Service : 5.00 p.m. Sunday**
16. **English & Tamil Service : 6.00 p.m. Sunday**
17. Women's Prayer : 5.30 p.m. Wednesday
18. Men's Prayer : 7.00 p.m. Friday
19. Discipleship Meeting : 6.00 p.m. Saturday
20. House Meetings : 6.30 p.m. Tuesday & Thursday
21. Special Holy Communion : 6.00 a.m. 1st day of each month
22. Ministers' Meeting : 6.00 p.m. First Saturday
23. Parents' Prayer : 4.00 p.m. First Sunday
24. Night Prayer : 9.30 p.m. Third Friday
25. Fasting Prayer : 9:30 a.m. Second Saturday
26. Holy Communion : Second Sunday Services
27. Youth / Kid Prayer : 10.00 p.m. daily
28. Staff Devotion : 9.00 a.m. daily
29. Office : 9.00 a.m. to 9.00 p.m. (except Sundays)

### কেবলমাত্র ভারতে আহ্বানের প্রতিধ্বনি ডাক মারফত পাঠক্রমগুলির জন্য

**১। বাইবেলকোর**

আমরা নতুন খ্রীষ্ট বিশ্বাসীদের জন্য এবং অখ্রীষ্টানদের জন্য বাইবেলের মৌলিক সত্যগুলির উপর ডাক মারফত পাঠক্রম প্রদান করি: ইংরাজী ৫৭ পৃষ্ঠার, হিন্দি ৭৬ পৃষ্ঠার এবং তামিল ৯৬ পৃষ্ঠার বই। **"আপনার জন্য নতুন জীবন"** নামের একটি পাঠক্রমের বই আপনি পাবেন। এই পাঠক্রম শেষ করার পর, আপনি একটি সার্টিফিকেট পাবেন। পাঠক্রমের জন্য কোনও আবশ্যিক ফী নেই। আপনি আশীর্ব্বাদ পাবেন।

**২। ডাক মারফত ঈশ্‌তাত্ত্বিক পাঠক্রম**

থিওলজিকাল করেসপণ্ডেস কোর্স নামে অভিহিত অ্যাডভানস্ ডিস্টেন্স এডুকেশনের নিম্নলিখিত ভাষায় পাঠক্রমের বইগুলি পালকদের জন্য, সুসমাচার প্রচারকদের জন্য, খ্রীষ্টান নেতাদের জন্য এবং গৃহী পালকদের জন্য পাওয়া যাচ্ছে যাদের ঈশ্বরের পরিচর্যা কাজের জন্য প্রবল আগ্রহ আছে তাদের জন্য: ইংরাজী ৫৩৭ পৃষ্ঠার এবং তামিল ৬৫২ পৃষ্ঠার বই। এর জন্য মূল্য ধার্য করা হয়েছে ১০০০ টাকা। ১৪৯টি অধ্যায়ে বিভক্ত সাতটি বই সরবরাহ করা হবে। সার্টিফিকেট অফ মিনিস্ট্রি প্রদান করা হবে। ঈশ্বর আপনাকে আশীর্বাদ করুন।

*বিস্তারিত বিবরণের জন্য আমাদের সঙ্গে যোগাযোগ করুন।*

**The Chairman, Nehemiah Bible College,**
Echo of His Call, Post Box 2957
CHEPAUK, CHENNAI - 600 005.
Ph.: (044) 2852 8282, 2852 9293, 2854 7766,
Cell : 98410 71852, 95661 31858
E.mail : biblecor@yahoo.co.in

### বিনামূল্যে মাসিক পত্রিকা আহ্বানের প্রতিধ্বনি লাভের সুবর্ণ সুযোগ

আপনি যদি ডাক, ই-মেইল, ফোন এবং ওয়াটস অ্যাপের মাধ্যমে আপনার/আপনার বন্ধুদের/আত্মীয়দের ঠিকানা পাঠিয়ে দেন, তাহলে আমরা সম্পূর্ণ বিনামূল্যে আপনাদের আহ্বানের প্রতিধ্বনি মাসিক পত্রিকাটি পাঠিয়ে দিতে পারবো।

## TAX EXEMPTION

Donations by any individual or organization from India to **Echo of His Call Educational Trust** are eligible for Income Tax exemption under Section 80G of the Income Tax Act. Official receipts will be issued for this purpose. Please make your Demand Drafts / Cheques / M.O. for such donations in favour of **Echo of His Call Educational Trust** and send to us, along with your Aadhar Number and PAN for getting Income Tax Exemption.

| | |
|---|---|
| Account Name | : ECHO OF HIS CALL EDUCATIONAL TRUST |
| Account Number | : 1023 2923 805 |
| Bank Name | : STATE BANK OF INDIA |
| Branch | : TRIPLICANE, CHENNAI - 600 005 |
| IFSC Code | : SBIN 0000249 |
| SWIFT Code | : SBI NIN BB 455 |



# পাতাল থেকে রাজপ্রাসাদ
# PIT TO PALACE

(পাস্টর এস. স্যাম সেলভা রাজের জীবনের অভিজ্ঞতাসমূহ)

"... যে জন পাঠ করে সে বুঝুক (মথি ২৪:১৫)


## সদাপ্রভুতে নিজের ভার অর্পণ করো, আর তিনি তোমাকে বাঁচিয়ে রাখবেন - গীত ৫৫: ২২

১৯৬৯ সাল, খ্রীষ্টধর্মের প্রতি প্রাথমিক বিরূপতা সত্ত্বেও, আমার প্রভুর সঙ্গে এক জীবন-পরিবর্তনকারী সাক্ষাৎ হয়েছিল। এই অভিজ্ঞতা আমাকে পরিত্রাণের পথে পরিচালিত করেছিল, যার ফলে আমার সঙ্গে আমার পুরাতন বন্ধুদের মধ্যে সম্পর্কের ফাটল ধরেছিল যারা আমার ক্ষতি করার চেষ্টা করেছিল। যাইহোক, প্রভু তাঁর নয়নের মতো আমাকে সুরক্ষিত করেছিলেন।

ঈশ্বরের কাছ থেকে অসংখ্য প্রতিজ্ঞা নিয়ে আমি ১৯৭১ সালে চেন্নাইয়ে চলে আসি। চেন্নাইয়ে আমার প্রথম দিনটি অতি চ্যালেঞ্জিং ছিল। আমার পরিচিত কেউনা থাকায় আমাকে রাস্তায় রাত্রিযাপন করতে হয়েছিল। প্রচণ্ড ভয়ে সারারাত আমি জেগেছিলাম।

ভোর ২টোর সময়, দুজন পুলিশ অফিসার আমার কাছে এসেছিলেন এবং আমার পরিস্থিতি সম্পর্কে জানতে চেয়েছিলেন। আমি আমার পরিবারের সম্পর্কে বলেছিলাম এবং কীভাবে প্রভু যীশু খ্রীষ্ট আমার জীবন পরিবর্তন করেছেন সেই গল্পটি তাদের কাছে বলেছিলাম। তারা যখন আমার কথার মধ্যে কোন দোষ খুঁজে পাননি, তারা আমাকে প্রশ্ন করেছিলেন কেন আমি রাস্তায় রাত কাটাচ্ছি। একজন পুলিশ অফিসার আমাকে পুলিশ স্টেশনে নিয়ে যাওয়ার পরামর্শ দিয়েছিলেন, কিন্তু অন্যরা মন্তব্য করেছিলেন যে আমি সম্মানীয় পরিবার থেকে এসেছি।

পরে, তিনি আমার দিকে তাকিয়েছিলেন এবং বলেছিলেন, "আমাদের সঙ্গে এসো।" তারা আমাকে পুলিশ স্টেশন পাহারা দিয়ে নিয়ে গিয়েছিলেন এবং পুলিশ বিভাগের অন্য কর্মীদের পাশের গ্যারেজে আমার থাকার ব্যবস্থা করেছিলেন। তিনি আমার আরামের ব্যবস্থা করেছিলেন এবং বলেছিলেন, "উত্তম জীবনের অন্বেষী যে কোনও ব্যক্তির জন্য এটি একটি নিরাপদ এবং উপযুক্ত স্থান। আমি তোমাকে সাহায্য করার জন্য মন থেকে গভীর আর্তি অনুভব করেছি, যদিও আমি এর উৎস সম্পর্কে জানি না," তিনি যোগ করেছিলেন। "প্রতি রাত্রে এখানে প্রায়ই সাপ ঢোকে। যাইহোক, এটা কখনও কারোর ক্ষতি করেনি,



সুতরাং উদ্বিগ্ন হওয়ার কোনও প্রয়োজন নেই। যদি তোমার সামনে সাপ আসে, তাহলে দয়া করে স্থির থাকবে। যে স্বর্গীয় শক্তি তোমাকে পরিচালিত করছেন তিনি তোমাকে সুরক্ষিত করবেন।" আর কখনও আমার সঙ্গে সেই পুলিশ অফিসারের দেখা হয়নি।

যখন ভোর হওয়ার উপক্রম হচ্ছিল, আমার মনে হচ্ছিল আমি একটা গর্তের মধ্যে সঙ্কটের মধ্যে আছি, একটা বাঘের সম্মুখীন হওয়ার মতো ভয়ে আমি আতঙ্কিত হয়েছিলাম। রাতের বেলায় সাপ ঢোকার বিষয় জানতে পেরে, আমি এক গ্লাস জল নিয়েছিলাম, প্রার্থনা করেছিলাম, এবং সেই গ্যারেজের চালাঘরের চারিদিকে জল ছিটিয়ে দিয়ে বলেছিলাম, "যীশু খ্রীষ্টের রক্তে বিজয়।" উল্লেখযোগ্যভাবে, আমি যতদিন সেই গ্যারেজে ছিলাম, ততদিন কোনও বিষাক্ত পোকামাকড় অথবা সাপ গ্যারেজের মধ্যে প্রবেশ করেনি, এবং স্থানটি একটি নিরাপদ এবং শান্তিপূর্ণ স্থান হিসাবে চিহ্নিত হয়েছিল।

গ্যারেজে থাকাকালীন আমার সঙ্গে অনেক পুলিশ অফিসারদের সঙ্গে বন্ধুত্ব হয়েছিল। তারা খোলাখুলিভাবে তাদের সংগ্রামের কথা আমাকে জানিয়েছিল, এবং আমার প্রার্থনাগুলোর মাধ্যমে, অনেকে তাদের সমস্যাগুলোর সমাধান পেয়েছিলেন এবং অনেকে যীশু খ্রীষ্টকে তাদের ব্যক্তিগত ত্রাণকর্তা হিসাবে গ্রহণ করেছিলেন। ঐ স্থানে স্বর্গীয় উপস্থিতি স্পষ্ট প্রতীয়মান ছিল, এবং যার ফলে, তারা আমাকে খুব যত্ন এবং সম্মান করেছিল, তারা অবর্ণনীয় আনন্দ এবং সুরক্ষার অভিজ্ঞতা লাভ করেছিল।

তারপর প্রভু আমাকে অন্য একটি স্থানে পরিচালিত করেছিলেন এবং একটি ঘর ভাড়া নিতে আমাকে সাহায্য করেছিলেন। ঈশ্বর উপকারী। যারা আমাদের সদাপ্রভু ঈশ্বরকে বিশ্বাস করেন তাদের কোনও অভাব হয় না। যীশু খ্রীষ্ট গতকাল, আজ এবং চিরকাল একই আছেন। তিনি আপনার জীবনেও অসাধারণ আশ্চর্য কাজ করবেন।

*মরুপ্রান্তরে আমার যাত্রা যখন আমাকে চিন্তাগ্রস্ত করে,*
*আমি আমার প্রিয়ের সান্ত্বনা এবং আশীর্বাদের রব শুনি।*
*লোহিত সাগর যদিও আমার বিরুদ্ধে ফুঁসে ওঠে,*
*সদাপ্রভু আমায় রক্ষা করবেন এবং পথ দেখাবেন।*
*তিনি নিশ্চয় উদ্ধার করবেন এবং নতুন শক্তি দেবেন,*
*যাতে আমি সমস্ত বিরোধীতাকে পরাজিত এবং বিনাশ করতে পারি।*

*(ক্রমশঃ ৬ পৃষ্ঠার পর থেকে)*

আমাদের উদ্ধারকর্তা হন। হাসপাতালে আমাদের ভর্তির সময়, প্রেমের সঙ্গে আমাদের সাহায্য করার জন্য ঈশ্বর অপরিচিত ডাক্তার এবং নার্সদের পাঠিয়ে দেন — এই ব্যক্তিরা ঈশ্বর কর্তৃক প্রেরিত উদ্ধারকর্তা। আমাদের মধ্যে অনেকেরই জীবনে এই ধরণের স্বর্গীয় হস্তক্ষেপের অভিজ্ঞতা আছে।

ঈশ্বর আমাদের দক্ষিণপাশে আমাদের ছায়া হিসাবে কাজ করেন, আমাদের সুরক্ষা প্রদান করেন। যে মুখগুলি আন্তরিকভাবে তাঁর দিকে তাকায় তারা আলোকিত হয়। আমাদের ভুলগুলি সত্ত্বেও, আমাদের উচিত তাদের স্বীকার করা, ঈশ্বরের সঙ্গে সম্মিলিত হওয়া, এবং আমাদের বিবেকের প্রতি মনোযোগ দেওয়া।

মোশির আগের যুগ বিবেকের দ্বারা চারিত্রিক বৈশিষ্ট্য লাভ করতো এবং মোশির মাধ্যমে, ঈশ্বর ব্যবস্থা এবং আজ্ঞাগুলি প্রদান করেছিলেন, এর দ্বারা তিনি আমাদের ধার্মিক জীবন যাপনে পরিচালিত করেছিলেন।

এখন আসুন যোনার গল্পে আসি।

## ৪। যোনা

যোনা, বাইবেলের একজন ভাববাদী, যিনি নীনবীতে যাওয়ার এবং লোকদের দুষ্টতার বিষয় তাদেরকে সতর্ক করার বিষয়ে ঈশ্বরের কাছ থেকে একটি কাজ পেয়েছিলেন। অবাধ্য হয়ে, যোনা তর্শিশগামী একটি জাহাজে উঠে পলায়ন করছিলেন, যার ফলে সমুদ্রে মহাঝড় উঠেছিল।

যোনার অবাধ্যতা উপলব্ধি করে, জাহাজের লোকেরা তাঁকে সমুদ্রের মধ্যে নিক্ষেপ করেছিল, যেখানে ঈশ্বর তাঁকে গ্রাস করার জন্য একটি প্রকাণ্ড মাছ পাঠিয়েছিলেন—এই মাছটি যোনার উদ্ধারকর্তা হয়েছিল। তিনদিন পর, মাছটি যোনাকে নীনবীর শুষ্ক ভূমিতে উগড়ে দিয়েছিল।

যোনা, তাঁর ভুল থেকে শিক্ষা নিয়ে, লোকদের পাপ পরিত্যাগ করার বিষয় শিক্ষা দিয়েছিলেন, তাদেরকে মন পরিবর্তনে পরিচালিত করেছিলেন এবং এইভাবে তিনি তাদের উদ্ধারকর্তা হয়েছিলেন।

আমরা যতজন উদ্ধারকর্তাদের দেখেছি তারা ঈশ্বর বিহীন শাসকদের অধীনস্থ লোকদের এবং যারা অবাধ্যতার কারণে কষ্ট পাচ্ছিল তাদেরকে ক্লেশ থেকে উদ্ধার করেছিলেন। যদিও এই উদ্ধারকর্তারা মারা গিয়েছিলেন এবং সমাধিস্থ হয়েছিলেন, লোকেরা তাদের পাপ কাজ চালিয়ে গিয়েছিল। যার ফলে, ঈশ্বর তাঁর পুত্র, যীশু খ্রীষ্টকে মানবরূপে পাঠিয়েছিলেন। যীশু আমাদের পাপের জন্য নিষ্পাপ হয়েও ক্রুশ বহন করেছিলেন, বেত্রাঘাত সহ্য করেছিলেন, তাঁর রক্ত মোচন করেছিলেন, তাঁর জীবন বলিদান করেছিলেন। তৃতীয় দিন তিনি কবর থেকে উঠেছিলেন, যীশু আমাদের মধ্যে বাস করছেন, আমাদের পরিচালনা করছেন, সংশোধন করছেন এবং আমরা যখন ভুল করি তখনও তিনি আমাদের সুরক্ষা করছেন, যতক্ষণ না আমরা স্বর্গে পৌঁছাব ততক্ষণ তিনি আমাদের সুরক্ষা করবেন। তাঁর কবর খোলা আছে, যা অনন্ত জীবনের প্রতীক।

যতক্ষণ না আমরা স্বর্গে পৌঁছাবো, ততক্ষণ যীশু খ্রীষ্ট, আমাদের ত্রাণকর্তা, আমাদের পরিচালনা করেন, সংশোধন করেন, এবং সুরক্ষিত করেন, তাঁর ইচ্ছানুসারে তিনি আমাদের পরিচালিত করেন এবং আমাদের প্রতি তাঁর সজাগ দৃষ্টি রাখেন।

আমি আমাদের প্রত্যেক পাঠককে একটি গুরুত্বপূর্ণ বার্তা জানাতে চাই: "ঈশ্বরের কাছে এসো, তিনিও তোমাদের কাছে আসবেন..." (যাকোব ৪:৮)।

এছাড়াও, যারা আন্তরিকভাবে তাঁকে অনুসরণ করবেন এবং তাঁর আজ্ঞাগুলোকে উচ্চে তুলে ধরবে তাদের জন্য তিনি অর্থপূর্ণ আশীর্বাদগুলোর বিষয় প্রতিশ্রুতি দিয়েছেন: "আমি তোমাদের সত্যিই বলছি, সব বিষয়ের নতুন সৃষ্টিতে যখন মনুষ্যপুত্র মহিমার সিংহাসনে বসবেন, তখন তোমরা, যারা আমার অনুগামী হয়েছ, তোমরাও দ্বাদশ সিংহাসনে বসে ইস্রায়েলের দ্বাদশ বংশের বিচার করবে" (মথি ১৯:২৮)। কারা এই উল্লেখযোগ্য আশীর্বাদ লাভ করবেন?

যেহেতু লোকেরা এই পাপপূর্ণ পৃথিবীতে পাপের মধ্যে জন্মগ্রহণ করে, আমাদের এই ত্রাণকর্তাকে আন্তরিকভাবে অনুসরণ করা উচিত যিনি আমাদের তাঁর পবিত্রতার মধ্যে রূপান্তরিত করেন। আসুন আমরা তাঁর জন্য পবিত্রতার জীবন যাপন করি, সেই ভবিষ্যতের দর্শন দেখি যেখানে আমরা তাঁর পাশের সিংহাসনগুলোর উপর বসতে পারবো এবং বিচারক হিসাবে জীবনযাপন করবো। আসুন আমরা নিজেদের সমর্পণ করি এবং এই অসাধারণ জীবনের জন্য নিজেদের যোগ্য করে তুলি। যে সদাপ্রভু আপনাদের আহ্বান করেছেন তিনি পবিত্র, সুতরাং নিজেদের পবিত্র করে তুলুন (১ পিতর ১:১৫): "তোমরা পবিত্র হও, কারণ আমি পবিত্র" (১ পিতর ১:১৬)।

প্রভু আপনাদের আশীর্ব্বাদ করুন এবং পরিচালনা করুন। আমেন!

*******


# WANTED

**TEACHERS for**

**ST. PAUL'S MATRICULATION SCHOOL,**
**An *Echo of His Call* Institution**
**Vijayanagaram, Medavakkam, Chennai - 100.**

We need well qualified, experienced, dedicated, hard working and mission oriented Christians. We also need eligible students.
Apply with Bio-data to
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

# WANTED for

**NEHEMIAH BIBLE COLLEGE**
**of ECHO OF HIS CALL, Chennai**
*** HINDI LANGUAGE ***
**ATA - Registered Candidate for Membership**

**DEAN (Residential):**
Hindi Theologian with M.Div. / M.Th. Degree & experience. Boarding, Lodging and Salary will be paid. We also need deserving Hindi students.
Eligible candidates may send bio--data to:
E.mail: sam@echoofhiscall.org
WhatsApp: (+91) 98412 71858

RNI NO. 70104/98, Postal Regn. No. TN/CH/(C)/205/24-26 WPP NO. TN/PMG(CCR)/WPP-264/24-26

## আহ্বানের প্রতিধ্বনি ইউটিউব

অনুগ্রহ করে যখনই সময় পাবেন তখনই আমাদের ইউটিউব চ্যানেলটি দেখুন এবং সাবস্ক্রাইব করুন। ধন্যবাদ।

## OUR BANK DETAILS:

### 1. Bank : State Bank of India

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : S. Sam Selva Raj |
| A/C No. | : 1023 2934 679 |
| IFSC | : SBIN 00 00 249 |

SWIFT CODE : SBI NIN BB 455

### 2. Bank : ICICI Bank

| | |
|---|---|
| Branch | : Anna Salai, Chennai-6 |
| Name | : Echo of His Call |
| A/C No. | : 6038 0502 2319 |
| IFSC | : ICIC 000 6038 |

### 3. Bank : State Bank of India

(This Account is for Tax Exemption for Indians only)

| | |
|---|---|
| Branch | : Triplicane, Chennai-5 |
| Name | : Echo of His Call Educational Trust |
| A/C No. | : 1023 2923 805 |
| IFSC | : SBIN 00 00 249 |

Google Pay: 98410 71858
PayPal : SAM SELVA RAJ
*****
E.mail : sam@echoofhiscall.org

# আহ্বানের প্রতিধ্বনি

১৬টি ভাষায় প্রকাশিত মাসিক পত্রিকা, বাইবেল কলেজসমূহ, ডাকযোগে পাঠক্রমগুলি, মণ্ডলী স্থাপন, গ্রামীণ ইংরাজী উচ্চবিদ্যালয়, গসপেল প্রিন্টিং প্রেস, ক্রুশেড, সেমিনার, সামাজিক পরিষেবা, ইত্যাদি।

**বাৎসরিক গ্রাহক মূল্য :** ১০০ টাকা **আজীবন গ্রাহক মূল্য :** ২,০০০ টাকা

আপনাদের মতো ঈশ্বরের সন্তানদের স্বেচ্ছাদত্ত অনুদানের মাধ্যমে আমাদের **আহ্বানের প্রতিধ্বনি পরিচর্যাগুলির** এই বহুমুখী কার্যকলাপগুলি পরিচালিত হচ্ছে। ঈশ্বর যেভাবে আপনাকে পরিচালিত করবেন সেইভাবে আপনিও **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাকে** এবং এর কার্যকলাপগুলিকে সাহায্য করতে পারেন। সুসমাচার অপ্রসারিত এলাকাগুলিতে লোকদের কাছে সুসমাচার পাঠাতে এবং মণ্ডলী স্থাপন করার জন্য আমাদের প্রয়োজন আপনাদের সহৃদয় সাহায্য।

আপনি যদি নিয়মিত আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি পেতে চান, অনুগ্রহ করে আমাদের লিখুন। আপনি যখনই আপনার ঠিকানা অথবা ই-মেইল পরিবর্তন করবেন তখনই অনুগ্রহ করে আপনার পুরাতন এবং নতুন ঠিকানা পাঠিয়ে দেবেন।

তাঁর **আহ্বানের প্রতিধ্বনি পত্রিকাটি** ১৬টি ভাষায় আমাদের ওয়েবসাইটেও পাওয়া যায়। আপনি আমাদের ওয়েবসাইটে গিয়ে পত্রিকাগুলি পাঠ করতে পারেন এবং ডাউনলোড করতে পারেন এবং আশীর্বাদ লাভ করতে পারেন।

আপনার পত্রগুলি, প্রার্থনার অনুরোধগুলি এবং আপনার আর্থিক সাহায্যগুলি (মানি অর্ডার, চেক অথবা ডিমাণ্ড ড্রাফটগুলি, এনইএফটি, পেপাল (Sam Selva Raj, sam@echoofhiscall.org) ফোনপে ( 98410 71858 ), জিপে ( 98410 71858 ), ওয়েস্টার্ন ইউনিয়ন, আহ্বানের প্রতিধ্বনির নামে মানিগ্রাম অনুগ্রহ করে নীচের ঠিকানায় পাঠিয়ে দিতে পারেন।

অনুগ্রহ করে আপনার ল্যাণ্ড ফোন/মোবাইল ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা পাঠিয়ে দিন যাতে আমরা আধুনিকীকরণ করতে পারি।

Our address :

## ECHO OF HIS CALL

10, MOHAMMED ABDULLAH 2ND STREET, CHEPAUK,
CHENNAI - 600 005, INDIA
PH: (+91-44) 2852 8282, 2852 9293, 2854 7766, Cell: (+91) 98410 71852,
95661 31858 / E.mails: sam@echoofhiscall.org / biblecor@yahoo.co.in
Websites: www.echoofhiscall.org / www.stpaulsmatriculation.com

YOU CAN SEND YOUR DONATIONS BY ONLINE ALSO

RNI NO. 70104/98
Postal Regn. No. TN/CH/(C)/205/24-26
WPP NO. TN/PMG(CCR) / WPP- 264/24-26
Date of Publication: Second week of every month
Date of Posting : 13th & 14th of every month
Posted at "Egmore RMS / 1 Patrika Channel"
on 15th APRIL 2024
If un-delivered please return to:
ECHO OF HIS CALL (BENGALI)
P.O. Box No. 2957,
Chepauk, Chennai - 600 005, INDIA.
Phone: (+ 91- 44) 2852 8282, 2852 9293, 2854 7766

## JESUS LOVES YOU!

To

GOD BLESS YOU!

Owned and published by S. Sam Selva Raj from New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005 and printed by S. Sam Selva Raj at Echo of His Call Printers, New No. 8 & 10, Old No.18 & 19, Mohammed Abdullah 2nd Street, Chepauk, Chennai-600 005. Editor: S. Sam Selva Raj.